দৈনিক জনকণ্ঠ

তারিখ ... AUG- 01 1999 ...
পৃষ্ঠা ৫৭ ... কলাম ...

## তৃণমূল সমাবেশে হামলা

# বড় হুজুরসহ ১২ মাদ্রাসা শিক্ষক ও ইমাম দায়ী ॥ তথ্যানুসন্ধান কমিটির রিপোর্ট-

**স্টাফ রিপোর্টার** ॥ গত বছরের ডিসেম্বরে ব্রাহ্মণবাড়িয়ায় তৃণমূল জনসংগঠনের সমাবেশে হামলা এবং শহরে তাণ্ডব চালানোর জন্য 'বড় হুজুর'-এর আশীর্বাদপুষ্ট ১২ জন মাদ্রাসা শিক্ষক ও ইমামকে দায়ী করেছে। একটি তথ্যানুসন্ধান কমিটি। শনিবার প্রকাশ করা এক তদন্ত রিপোর্টে ব্রাহ্মণবাড়িয়ার ৫টি মানবাধিকার সংগঠনের সমন্বয়ে গঠিত তথ্যানুসন্ধান কমিটি বলেছে, হামলাকারীদের নেতৃত্বে ছিলেন সেখানকার জামিয়া ইসলামিয়া ইউনুসিয়া মাদ্রাসার শিক্ষক ও ছাত্ররা। নেপথ্যে থেকে এদের মদদ যোগান ১২ ইমাম ও মাদ্রাসা শিক্ষক। তথ্যানুসন্ধান কমিটি ব্রাহ্মণবাড়িয়ায় মৌলবাদীদের তাণ্ডব রোধে ব্যর্থতার জন্য জেলা প্রশাসন এবং সরকারী দলেরও সমালোচনা করেছে। জেলা প্রশাসন 'দায়সারা গোছের' এবং 'হঠকারী' ভূমিকা পালনের মাধ্যমে ব্রাহ্মণবাড়িয়ায় দুঃখজনক পরিস্থিতি সৃষ্টি ~~করে বলে কমিটি মন্তব্য করে।~~ সরকারী দলও 'শ্যাম রাখি না কুল রাখি' ভূমিকায় থেকে মাওলানাদের কর্মকাণ্ডকে বৈধতা দেয় বলে রিপোর্টে উল্লেখ করা হয়। জাতীয় প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে তথ্যানুসন্ধান কমিটির রিপোর্টটি পড়ে শোনা এর আহ্বায়ক এ্যাডভোকেট আকছির এম চৌধুরী। কমিটির সদস্য সচিব আছরারুল নবী মোবারক এবং অন সদস্যরাও সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন।

যে ১২ জনকে হামলায় মদদ যোগানোর জন্য তথ্যানুসন্ধান কমিটি দায়ী করেছে তাঁরা হচ্ছেন, জামে মসজিদের হাফেজ নুরুল্লাহ, কাজী পাড়ার সৈয়দ মোহাম্মদ আহাম্মদ, জামিয়া ইসলামিয়া ইউনুসিয়া মাদ্রাসার মাওলানা আবদুর রহিম, কাউতুলী জামে মসজিদের মাওলানা আবদুল হাফিজ, মেড্ডা জামে মসজিদের মাওলানা রহমত উল্লাহ, ইউনুসিয়া মাদ্রাসার মাওলানা কেফায়েত উল্লাহ, মাওলানা মোবারক উল্লাহ, সরাইল স্টেট মসজিদের মাওলানা আবদুল লতিফ, উত্তর সুহিলপুর মাদ্রাসার মাওলানা জয়নাল আবেদীন, বগডহর মাদ্রাসার মাওলানা ছিদ্দিক উল্লাহ, ভাধুঘর মাদ্রাসার মাওলানা ইকবাল হোসেন ও ইমদাদ।

তথ্যানুসন্ধান কমিটি তাদের রিপোর্টে বলেছে, ব্রাহ্মণবাড়িয়া জামিয়া ইসলামিয়া ইউনুসিয়া মাদ্রাসার প্রিন্সিপ্যাল মাওলানা সিরাজুল ইসলামকে (বড় হুজুর) ব্রাহ্মণবাড়িয়ার অবিসংবাদিত নেতারূপে প্রতিষ্ঠার চেষ্টা করছে কওমী মাদ্রাসার শিক্ষক ও মসজিদের ইমামরা। বড় হুজুরের অনুসারী ছাড়া অন্য কোন ফেরকার আলেম বা মাওলানা ব্রাহ্মণবাড়িয়ায় কোন ধর্মীয় সভা বা ওয়াজ মাহফিল করতে পারে না। মাওলানা সাহেবদের প্রতিষ্ঠিত ভাবমূর্তি চ্যালেঞ্জের সম্মুখীন হয়েছিল তৃণমূল জনসংগঠনের দ্বারা। এ জন্যই তারা তৃণমূল জনসংগঠনের মিছিল ও সমাবেশে হামলা চালায়।

তথ্যানুসন্ধান কমিটি ব্রাহ্মণবাড়িয়ার ঘটনার দায়ের করা মামলাগুলো একজন উর্ধতন পুলিশ কর্মকর্তার মাধ্যমে তদন্ত করা এবং বিচার কার্যকে প্রভাবমুক্ত রাখার জন্য ভিন্ন জেলায় এই মামলার বিচারের ব্যবস্থা করার দাবি জানায়।